আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতায় ২০১৫-১৬ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সার-সংক্ষেপ

	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পর ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
০১।	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	২	-	২	-	-	১	২৩ %	-	-

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ২

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: প্রকল্পটির প্রথম এক বছরের মেয়াদ বৃদ্ধিটি সংশ্লিষ্ট মন্ত্রণালয় সংশোধিত ডিপিপি'র সাথে এক সাথে অনুমোদন করেছিল।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

	সমস্যা		সুপারিশ
	(১)		(২)
৩.১	টিপিপি অনুযায়ী পরামর্শকখাতে স্থানীয় ও আর্ন্তজাতিক ব্যক্তি পরামর্শক নিয়োগ দেবার কথা বলা থাকলেও নিয়োগ দেয়া হয়েছে একটি প্রতিষ্ঠানকে। এক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন দেয়া হয়েছিল কি না তা স্পষ্টভাবে জানা যায়নি;	৩.১	প্রকল্পের কাজের ধরণ অনুযায়ী পরামর্শক খাতে ব্যক্তির পরিবর্তে প্রতিষ্ঠান নিয়োগ দেয়ার প্রয়োজন থাকলে সেভাবেই টিপিপি প্রস্তুত করা উচিত ছিল। তবে পরামর্শক নিয়োগের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নেয়া হয়েছিল কিনা তা আইএমইডিকে জানাতে হবে। ভবিষ্যতে এধরণের টিপিপি প্রস্তুত করার সময় সংস্থা ও মন্ত্রণালয়/বিভাগকে আরও যত্নবান হতে হবে;
৩.২	টিপিপিতে নিয়মিত প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) এর সভা করার কথা থাকলেও তা একবারও করা হয়নি;	৩.২	প্রকল্পেরা সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে ভবিষ্যতে গৃহীতব্য ও অন্যান্য চলমান প্রকল্পের ক্ষেত্রে পিআইসি (PIC) ও পিএসসি (PSC) সহ সবধরণের কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন করার বিষয়ে সংস্থা এবং মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
৩.৩	এই প্রকল্পের ইন্টার্নাল ও এক্সার্টারনাল কোন প্রকার অডিট করা হয়নি মর্মে জানা যায়।	৩.৩	প্রকল্পটির দ্রুত অডিট সম্পন্ন করে আইএমইডিকে তা অবহিত করতে হবে।

এনহান্সিং এফিশিয়েন্সি অব দি ক্যাপিটাল মার্কেট কারিগরী সহায়তা শীর্ষকপ্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৫)

১. প্রকল্পের নামঃ এনহান্সিং এফিশিয়েন্সি অব দি ক্যাপিটাল মার্কেট ।

২. বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন।

৩. উদ্যোগী মন্ত্রণালয় /বিভাগঃ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় ।

৪. প্রকল্পের অবস্থানঃ ঢাকা।

৫. প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল মোট টাকা প্রঃসাঃ	সংশোধিত মোট টাকা প্রঃসাঃ	মোট টাকা প্রঃসাঃ	মূল	সংশোধিত			
৬৯৭.০০ ৮২.০০ ৬১৫.০০	-	৫৫৮.৩৫ ৫২.১৬ ৫০৬.১৯	নভেম্বর, ২০১২ হতে ডিসেম্বর ২০১৪	নভেম্বর, ২০১২ হতে জুন, ২০১৫	নভেম্বর, ২০১২ হতে জুন, ২০১৫	-	৬ মাস (২৩%)

৬. **<u>সাধারণ পর্যবেক্ষণঃ</u>**

৬.১ **<u>পটভূমিঃ</u>**

দেশের দারিদ্র বিমোচন লক্ষ্যমাত্রা অর্জন এবং সামাজিক উন্নয়ন তরান্বিত করার লক্ষ্যে বেসরকারী বিনিয়োগ, সঞ্চয় এবং অর্থনৈতিক উন্নয়ন ক্রমান্বয়ে বাড়ানো অত্যন্ত জরুরী। এজন্য পুঁজিবাজার উন্নয়ন ও নিয়ন্ত্রণ একান্ত অপরিহার্য। বর্তমান অর্থনৈতিক উন্নয়নের ক্রমবর্ধমান ধারাকে অব্যাহত রাখতে পুঁজিবাজারের ভূমিকা অপরিসীম। পুঁজিবাজারে ধ্বস ও অস্বাভাবিক উত্থান-পতনের ফলে ক্ষুদ্র বিনিয়োগকারীদের মধ্যে বিনিয়োগে আস্থাহীনতা পরিলক্ষিত হয়। এমতাবস্থায় সরকারের সংস্কার কর্মসূচীতে পুঁজিবাজারের উন্নয়নকে একটি গুরুত্বপূর্ন উপাদান হিসাবে চিহ্নিত করা হয়েছে। এরই ফলস্বরূপ বাংলাদেশের আর্থিক বাজারের সার্বিক উন্নয়নের লক্ষ্যে নীতিগত পদক্ষেপসমূহ চিহ্নিতকরণ যা একটি সুষম , টেকসই, দৃঢ় এবং কার্যকরী আর্থিক বাজার গঠনে সাহায্য করে এবং সঞ্চয়কে বিনিয়োগে রূপান্তরে কার্যকরী ভূমিকা রাখার লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংকের কারিগরী সহায়তায় “এনহান্সিং এফিশিয়েন্সি অব দি ক্যাপিটাল মার্কেট ” শীর্ষক প্রকল্পটি গৃহীত হয়।

৬.২ উদ্দেশ্যঃ

পুঁজিবাজার নিয়ন্ত্রণের মূল প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করে তোলা এই প্রকল্পের উদ্দেশ্য। বাংলাদেশে একটি সামঞ্জস্যপূর্ণ, টেকসই ও সহনশীল বৃহৎ পুঁজিবাজার গড়ে তোলার জন্য প্রয়োজনীয় নীতিগত বিষয়াদি/উদ্যোগ সনাক্ত করা র মাধ্যমে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান সমূহের প্রয়োগ ক্ষমতা বৃদ্ধি করা এবং ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম-২ এর আওতায় প্রস্তাবিত মূল সংস্কার কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করা।

৭. প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

প্রকল্পটি ৬৯৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে নভেম্বর, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য ০৪.০৪.২০১৩ তারিখে অর্থ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। ২৭/১১/২০১৪ তারিখে উন্নয়ন সহযোগী এডিবির সম্মতিক্রমে ইআরডি'র মাধ্যমে প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ৬ মাস বাড়িয়ে নভেম্বর /২০১২-জুন/২০১৫ নির্ধারণ করা হয়।

৮. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	মেয়াদ কাল	
		শুরু	শেষ
১।	জনাব মো. সাইফুর রহমান, নির্বাহী পরিচালক সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (অতিরিক্ত দায়িত্বে)	০১/১১/২০১২	৩০/০৬/২০১৫

৯. প্রকল্পের মূল কার্যক্রমঃ

প্রকল্পটির মূল কার্যক্রম হচ্ছে- প্রশিক্ষণ / সেমিনার, পরামর্শকসেবা, আইনী সংস্কার, রিপোর্ট প্রদান, যাতায়াত, আনুসঙ্গিক ব্যয় ইত্যাদি।

১০. প্রকল্পের সংশোধিত এডিপি অনুযায়ী সংস্থান এবং অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

আর্থিক বছর	সংশোধিত এডিপি সংস্থান ও লক্ষ্যমাত্রা			মোট ব্যয়		
	মোট	টাকা	প্রকল্প সাহায্য	মোট	টাকা	প্রকল্প সাহায্য
২০১২-১৩	২৪৬.৩৩	৩১.৩৩	২১৫.০০	৫৫.৮৯	৮.৮৯	৪৭.০০
২০১৩-১৪	২২৫.০০	২৫.০০	২০০.০০	২২১.১১	২১.১১	২০০.০০
২০১৪-১৫	৪২০.০০	৫২.০০	৩৬৮.০০	২৮১.৩৫	২২.১৬	২৫৯.১৯
মোট				**৫৫৮.৩৫**	**৫২.১৬**	**৫০৬.১৯***

***বিঃদ্রঃ প্রতি অর্থবছরে অব্যয়িত অর্থ নিয়মানুযায়ী এডিবির কাছে সমর্পণ করা হয়েছে।**

১০.১ **অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ** প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে প্রকল্পটির অঙ্গভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হলঃ

(In Tk. Lakh)

Items of (as per PP)	Unit	(As per PP)		Actual Progress	
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)
1	2	3	4	5	6
Project Allowances (Other Allowances)	Person	15.00	7 Person	11.87 (79.13%)	7 Person (100%)
Honourium	Lump sum	4.00	-	1.02 (25.5%)	-
Office Rent	no	-	1	-	-
Telephone/Internet	Lump sum	1.00	-	0.25 (25%)	-
Fax	no	0.60	1	-	-
International and Local Travel	Lump sum	59.04	-	35.91 (60.82%)	-
Reports and Communication	Lump sum	2.46	-	-	-
Local Training & Conference/Seminar	no	45.10	3	17.24 (38.22%)	3 (100%)
International Consultant	Person-month	384.09	3(17 Person-month)	377.89 (98.38%)	3(17 Person-month) (100%)
Local Consultant	Person-month	59.04	3(12 Person-month)	46.51 (78.77%)	3(12 Person-month) (100%)
Transport Expenses	no	40.00	1	25.24 (63.1%)	1 (100%)
Stationary	Lump sum	5.13	-	4.33 (84.40%)	-
Entertainment Expenses	Lump sum	5.14	-	1.32 (25.68%)	-
Contingencies	-	50.18	-	19.38 (38.62%)	-
Other Expenses	Lump sum	5.13	-	4.52 (88.10%)	-
Equipment	no	21.09	14	12.86 (60.97%)	14 (100%)
Total		**697.00**		**558.35 (80.10%)**	**100%**

১১।কাজ অসমাপ্ত থাকলে উহার বিবরণঃ

পিসিআর ও পরিদর্শন কালে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রতীয়মান হয় যে প্রকল্পের আওতায় সমুদয় কাজ সমাপ্ত হয়েছে।

১২। প্রকল্পের প্রধান প্রধান অংগের বিবরণঃ

১২.১ **স্থানীয় প্রশিক্ষণ/সেমিনারঃ** প্রশিক্ষণ খাতে ৪৫.১০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৭.২৪ লক্ষ টাকা ব্যয়িত হয়েছে। পরিকল্পনা অনুযায়ী মোট ৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১২.২ **আন্তর্জাতিক ও স্থানীয় ভ্রমণঃ** আন্তর্জাতিক ও স্থানীয় ভ্রমণ খাতে ৫৯.০৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৫.৯১ লক্ষ টাকা ব্যয়িত হয়েছে।

১২.৩ **বৈদেশিক পরামর্শকঃ** বৈদেশিক পরামর্শক খাতে ৩ জন বিদেশী পরামর্শকের কাছ থেকে মোট ১৭ জনমাস ভিত্তিতে পরামর্শক সেবা নেয়া হয়েছে। এই বাবদ ৩৮৪.০৯ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩৭৭.৮৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

১২.৪ **স্থানীয় পরামর্শকঃ** স্থানীয় পরামর্শক খাতে ৩ জন দেশীয় পরামর্শকদের থেকে মোট ১২ জনমাস ভিত্তিতে পরামর্শক সেবা নেয়া হয়েছে। এই বাবদ ৫৯.০৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৬.৫১ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

১২.৫ **যন্ত্রপাতিঃ** যন্ত্রপাতি (Equipment) খাতে ২১.০৯ লক্ষ টাকার সংস্থান ছিল। এখাতে বরাদ্দের বিপরীতে ১২.৪০ লক্ষ টাকা ব্যয়ে এসি, কম্পিউটার, আইপিএস, প্রিন্টার, ফটোকপিয়ার, স্ক্যানার ইত্যাদি ক্রয় করা হয়েছে।

১২.৬ এছাড়া কর্মকর্তা-কর্মচারীদের বেতন, ভাতাদি, টেলিফোন, পরিবহণ খরচ, স্টেশনারী, অন্যান্য খরচ, কন্টিনজেন্সি প্রভৃতি খাতে সংস্থান অনুযায়ী অর্থ ব্যয়িত হয়েছে। রিপোর্টস এন্ড কম্যুনিকেশন, ফ্যাক্স প্রভৃতি খাতে বরাদ্দ থাকলেও অর্থ ব্যয় করা হয়নি।

১৩। ক্রয় সংক্রান্ত তথ্যঃ

এই কারিগরী সহায়তা প্রকল্পে বড় ধরনের কোন ক্রয় কার্যক্রম ছিলনা। পরামর্শকদের (দেশী ও বিদেশী) কাছ থেকে পরামর্শক সেবা এবং কিছু ইকুইপমেন্ট-যেমন এসি, কম্পিউটার, আইপিএস, প্রিন্টার, ফটোকপিয়ার, স্ক্যানার ইত্যাদি কেনা হয়েছে। সকল ক্রয় কার্যক্রম এশীয় উন্নয়ন ব্যাংকের নীতিমালা অনুযায়ী সম্পন্ন করা হয়েছে বলে জানানো হয়।

১৪। পরিদর্শন বর্ণনাঃ

১৪.১ "এনহান্সিং এফিশিয়েন্সি অব দি ক্যাপিটাল মার্কেট" শীর্ষক প্রকল্পের কার্যক্রম মূল্যায়ন করতে গত ১৭/১২/২০১৫ তারিখে প্রকল্প কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্যরা উপস্থিত ছিলেন। প্রকল্প পরিচালক জানান, এই কারিগরী সহায়তা প্রকল্পের মূল কার্যক্রম ছিল পরামর্শক সেবার মাধ্যমে পূঁজিবাজারের নিয়ন্ত্রক প্রতিষ্ঠান সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশনকে শক্তিশালী করা।

পরামর্শক প্রতিষ্ঠান The International Securities Consultancy Ltd. কর্তৃক নিম্নরূপ উন্নয়নমূলক কার্যক্রম সংক্রান্ত সুপারিশসমূহ প্রণয়ন করা হয় এবং সে অনুযায়ী তা বাস্তবায়ন করা হয়ঃ কম্পোনেন্ট-১: বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান সমূহের প্রয়োগ ক্ষমতা বৃদ্ধিকরণ; কম্পোনেন্ট-২: বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর এনফোর্সমেন্ট কার্যক্রম প্রয়োগ প্রক্রিয়া ত্বরান্বিতকরণ এবং কম্পোনেন্ট-৩ : স্টক এক্সচেঞ্জসমূহের বিধি-বিধান, গভর্নেন্স ও কার্যক্রম উন্নতকরণ। এই প্রকল্পের

আওতায় ৩ জন দেশীয় ও ৩ জন আর্ন্তজাতিক পরামর্শক কাজ করেছেন । পরামর্শকগণ পুঁজিবাজার সংস্কার ও নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় আইনগত কাঠামো, ট্রাইবুনাল গঠন এবং ডিমিউচুয়ালাইজেশানের উন্নয়নের জন্য বেশ কিছু রিপোর্ট প্রদান করেছেন।

১৪.২ পরামর্শকগণ আর্থিক প্রতিবেদন তৈরী ও নিরীক্ষার জন্য প্রয়োজনীয় ফরম্যাট ও ছক তৈরী করে দিয়েছেন। এইসব ছক এখন বিএসইসিতে ব্যবহৃত হচ্ছে। এছাড়া স্পেশাল ট্রাইবুন্যাল গঠনের প্রাথমিক প্রস্তুতিমূলক কাজ হতে শুরু করে ট্রাইব্যুনাল ও ডিমিউচুয়ালাইজেশন আইন প্রণয়ণ ও বাস্তবায়নের পর্যায়েও এসব সংস্কার ক র্মকান্ড ও গাইডলাইন মূল ভূমিকা পালন করেছে। অন্যসব ম্যানুয়াল, গাইডলাইন, ইন্সপেকশন ফরম্যাট এর সাথে এসব নীতিমালা ও সংস্কার কর্মকান্ড সিনক্রোনাইজ করা হয়েছে। শেয়ার মার্কেটে অংশগ্রহণকারী সহ সব স্টেক হোল্ডারদের সম্পর্কে তথ্য সংগ্রহ করার মতো কাজগুলো এখন দ্রুততার সাথে সম্পন্ন হচ্ছে । ফলে পুঁজিবাজারের অ স্বাভাবিক আচরণ বা উত্থান পতন সম্পর্কে তদন্ত করা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সহজ এবং দ্রুততর হয়েছে।

১৪.৩ পরামর্শক প্রতিষ্ঠানের প্রত্যক্ষ সহযোগিতা এবং দিকনির্দশনায় স্পেশাল ট্রাইব্যুনাল গঠনের বুনিয়াদী কাজসমূহ সম্পন্ন করা হয়েছে। বাংলাদেশের পুঁজিবাজারের ধরণ, এর লেনদেনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের ধরণ, লিটিগেশন ইস্যু সমূহ বিবেচনায় নিয়ে আইনী পদক্ষেপ এবং এর রুপকাঠামো দাড় করানো হয়েছে। এর জন্য মানবসম্পদের দক্ষথা বৃদ্বির প্রয়োজনীয় কর্মকান্ড করা হয়েছে। স্পেশাল ট্রাইব্যুনাল গঠনের জন্য বিচারকদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এই প্রকল্পের আওতায় টিপিপি অনুযায়ী মোট ৩০ জন বিচারকদের (১০ জন বিচারক, ১০ জন জেলা ও দায়রা জজ এবং ১০ জন অতিরিক্ত জেলা ও দায়রা জজ) স্পেশাল ট্রাইব্যুনাল এবং ডিমিউচুয়ালাইজেশনসহ সংশ্লিষ্ট বিষয়াদির উপর প্রয়োজনীয় প্রশিক্ষণ দেয়া হয়েছে।

১৪.৪ ডিমিউচুয়ালাইজেশনের মাধ্যমে এক্সচেঞ্জসমূহে কার্যকর প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠা এবং মালিকানা ও ব্যবস্থাপনা থেকে লেনদেনের অধিকার পৃথক করার লক্ষ্যে এক্সচেঞ্জেস ডিমিউচুয়ালাইজেশন আইন, ২০১৩ মহান সংসদে পাশ হয়েছে। যাতে ডিমিউচুয়ালাইজেশন এবং এর সংশ্লিষ্ট সকলধরণ , আইনী কাঠামো, দলিল দস্তাবেজ বা ডকুমেন্ট, ব্যক্তি/প্রতিষ্ঠানেরবিনিয়োগ, কারবার এবং মুনাফার বিষয়াদি, বিরোধ, নিষ্পত্তি প্রভৃতি সুষ্পষ্ট আইনী ভিত্তি লাভ করেছে। আলোচ্য প্রকল্পের সবচেয়ে বড় অর্জন বলতে প্রকল্প পরিচালক জানান যে ০৭ জানুয়ারী ২০১৪ তারিখের গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে Securities and Exchange Ordinance ১৯৬৯, এর ২৫B ধারার (১) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ঢাকায় একটি স্পেশাল ট্রাইব্যুনাল প্রতিষ্ঠা করা হয়। আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ২৪ ফেব্রয়ারী ২০১৪ তারিখের বিজ্ঞপ্তির মাধ্যমে একজন জেলা ও দায়রা জজকে ট্রাইব্যুনালের বিচারক হিসেবে নিয়োগ প্রদান করা হয়। এর ফলে ১৯৯৬ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত পুঞ্জীভূত মামলার জট খুলেছে এবং আইনী ও বিচার প্রক্রিয়া দ্রুততর হয়েছে।

১৪.৫ ট্রাইব্যুনালের বিষয়ে বাস্ত ব অভিজ্ঞতা লাভ ও অধিকতর দক্ষতার্জনের জন্য বিচারকসহ সংশ্লিষ্ট দের ভারতের Securities Appellate Tribunal(SAT), Securities and Exchange Board of India (SEBI), National Stock Exchange এবং Bombay Stock Exchange পরিদর্শন ও অভিজ্ঞতা বিনিময়ের সূচনা ঘটেছে। বিশেষত SEBI এর সাথে কমিশনের একটি দ্বিপাক্ষিক সহযোগিতা চুক্তি স্বাক্ষর হয়েছে; ফলে সিকিউরিটিজ বিষয়ে আইনগত ও প্রাতিষ্ঠানিক দক্ষতা উন্নয়ন এবং সহযোগিতার ক্ষেত্র সম্প্রসারিত হয়েছে। বিভিন্ন ধরণের আইন ও কাঠামোগত সংস্কারসহ নতুন ধরণের মার্কেট ও প্যাকেজ/প্রোডাক্ট চালু করার ক্ষেত্রে তাদের সাথে অভিজ্ঞতা ও দক্ষতা বিনিময় এবং অধিকতর উন্নয়নের সুযোগ সৃষ্টি হয়েছে।

১৫.০ <u>অডিট সংক্রান্ত তথ্যঃ</u>

পিসিআর ও পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য থেকে জানা যায় যে, এই প্রকল্পের ইন্টার্নাল ও এক্সটার্নাল কোন প্রকার অডিট সম্পন্ন করা হয়নি।

১৬.১ প্রকল্পের উদ্দেশ্যে ও অর্জনঃ

উদ্দেশ্যে	অর্জন
বাংলাদেশে একটি সামঞ্জস্যপূর্ণ, টেকসই ও সহনশীল বৃহৎ পুঁজিবাজার গড়ে তোলার জন্য প্রয়োজনীয় নীতিগত বিষয়াদি/উদ্যোগ সনাক্ত করা র মাধ্যমে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান সমূহের প্রয়োগ ক্ষমতা বৃদ্ধি করা এবং ক্যাপিটাল মার্কেট ডেভেল্পমেন্ট প্রোগ্রাম-২ এর আওতায় প্রস্তাবিত মূল সংস্কার কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করা।	পুঁজিবাজার সম্পর্কিত আইনী ও নিয়ন্ত্রক বিষয়াদি, ট্রাইব্যুনালের আইনী কাঠামো, সরকারী ও কর্পোরেট বন্ড মার্কেট, ইকুইটি সিকিউরিটিজ ও এসআরও'র জন্য প্রাইমারী ও সেকেন্ডারী মার্কেট, ফিনান্সিয়াল মার্কেটের অবকাঠামো, প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী, ডেরিভেটিভস মার্কেট ও সিকিউরিটাইজেশন, একাউন্টিং ও ফিনান্সিয়াল রিপোর্ট, ট্যাক্সেশন প্রভৃতি বিষয়াদির উপর পরা মর্শকগণ রিপোর্ট প্রদান করেছেন। যার মাধ্যমে ক্যাপিটাল মার্কেট ডেভেল্পমেন্ট প্রোগ্রাম-২ এর আওতায় প্রস্তাবিত মূল সংস্কার কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করা সম্ভব হয়েছে। আইনগত সংস্কারের ক্ষেত্রে বিশেষত স্পেশাল ট্রাইব্যুনাল গঠনের জন্য সবধরণের সহায়তা প্রদান এই প্রকল্পের মাধ্যমে সম্ভব হয়েছে।

১৬.২ উদ্দেশ্যে পুরোপুরি অর্জিত না হলে উহার কারণঃ

পরিদর্শন ও প্রাপ্ত তথ্যাবলী থেকে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৭.০ সমস্যাঃ

১৭.১ টিপিপি অনুয়ায়ী পরামর্শকখাতে স্থানীয় ও আর্ন্তজাতিক ব্যক্তি পরামর্শক নিয়োগ দেবার কথা বলা থাকলেও নিয়োগ দেয়া হয়েছে একটি প্রতিষ্ঠানকে। এক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নেয়া হয়েছিল কিনা তা স্পষ্টভাবে জানা যায়নি।

১৭.২ টিপিপিতে নিয়মিত প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) এর সভা করার কথা থাকলেও তা একবারও করা হয়নি।

১৭.৩ এই প্রকল্পের ইন্টার্নাল ও এক্সর্টারনাল কোন প্রকার অডিট করা হয়নি মর্মে জানা গেছে।

১৮.০ সুপারিশঃ

১৮.১ প্রকল্পের কাজের ধরণ অনুয়ায়ী পরামর্শক খাতে ব্যক্তির পরিবর্তে প্রতিষ্ঠান নিয়োগ দেবার প্রয়োজন থাকলে সেভাবেই টিপিপি প্রস্তুত করা উচিত ছিল। তবে পরামর্শক নিয়োগের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নেয়া হয়েছিল কিনা তা আইএমইডিকে জানাতে হবে। ভবিষ্যতে এধরণের টিপিপি প্রস্তুত করার সময় সংস্থা ও মন্ত্রণালয়/বিভাগকে আরও যত্নবান হতে হবে।

১৮.২ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে ভবিষ্যতে গৃহীতব্য ও অন্যান্য চলমান প্রকল্পের ক্ষেত্রে পিআইসি (PIC) ও পিএসসি(PSC)সহ সবধরণের কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন করার বিষয়ে সংস্থা এবং মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১৮.৩ প্রকল্পটির দ্রুত অডিট সম্পন্ন করে আইএমইডি'কে তা অবহিত করতে হবে।

Capital Market Development Program-III (CMDP-III) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৫)

১.০ প্রকল্পের নাম : Capital Market Development Program-III (CMDP-III)

২.০ উদ্যোগী মন্ত্রণালয়ঃ : ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

৩.০ বাস্তবায়নকারী সংস্থাঃ : বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

৪.০ প্রকল্পের অবস্থান : ঢাকা

৫.০ বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) :

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল মোট টাকা প্রঃ সাঃ	সংশোধিত মোট টাকা প্রঃ সাঃ		মূল	সংশোধিত			
৪৪০.০০ ৪০.০০ ৪০০.০০	--	৪০৮.২৪ ২২.৩৮ ৩৮৫.৮৬	মে, ২০১৪ হতে জুন, ২০১৫	--	মে, ২০১৪ হতে জুন, ২০১৫	--	--

৬.০ প্রকল্পের অর্থায়ন : প্রকল্পটি বাংলাদেশ সরকারের অনুদান, ও প্রকল্প সাহায্য (এডিবি) অর্থের মাধ্যমে বাস্তবায়িত হয়েছে।

৭.০ সাধারণ পর্যবেক্ষণ

৭.১ **প্রকল্পের পটভূমিঃ**

বাংলাদেশের বর্তমান অর্থনৈতিক উন্নয়নের ক্রমবর্ধমান ধারাকে অব্যাহত রাখতে পুঁজিবাজারের উন্নয়ন ও নিয়ন্ত্রণ একান্ত অপরিহার্য। পুঁজিবাজারে ধস ও অস্বাভাবিক উত্থান -পতনের ফলে ক্ষুদ্র বিনিয়োগকারীদের মধ্যে বিনিয়োগে আস্থাহীনতা পরিলক্ষিত হয়। বাংলাদেশে একতি সামঞ্জস্যপূর্ণ , টেকসই ও সহনশীল বৃহৎ পুঁজিবাজার গড়ে তোলার জন্য প্রয়োজনীয় নীতিগত বিষয়াদি /উদ্যোগ সনাক্ত করা প্রয়োজন। যাতে তা আর্থি ক বিনিয়োগ ও সঞ্চয় ব্যবস্থা কার্যকরভাবে সমন্বয় করতে পারে। দেশের নির্বাচিত আর্থিক খাতসমূহে সুশাসন প্রতিষ্ঠা , সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন, স্টক এক্সচেঞ্জসমূহ ও পুঁজিবাজারে অংশগ্রহনকারী প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন এবং বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে এডিবি র ঋণ সহায়তায় "Capital Market Development Program-II (CMDP-II) "-এর ধারাবাহিকতায় "Capital Market Development Program-III (CMDP-III) " শীর্ষক প্রকল্পটি গৃহীত হয়।

৭.২ **প্রকল্পের উদ্দেশ্যঃ**

বাংলাদেশে একতি সামঞ্জস্যপুর্ণ , টেকসই ও সহনশীল বৃহৎ পুঁজিবাজার গড়ে তোলার জন্য প্রয়োজনীয় নীতিগত বিষয়াদি/উদ্যোগ সনাক্ত করা প্রয়োজন। যাতে তা আর্থিক বিনিয়োগ ও সঞ্চয় ব্যবস্থা কার্যকরভাবে সমন্বয় করতে পারে। এই প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ

ক. মার্কেট ইন্টারমেডিয়ারীদের শক্তিশালিকরণ;

খ. বর্তমানে অংশগ্রহনকারী প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের শক্তিশালীকরণ ও নতুনদের উন্নতকরণ;

গ. আর্থিক বাজার কাঠামো শক্তিশালীকরণ;

৮.০. প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

প্রকল্পটি মোট ৪৪০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় এবং মে, ২০১৪ হতে জুন, ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য ১৪.০৫.২০১৪ তারিখে মাননীয় অর্থ মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৯.০ **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

প্রকল্পটির মূল কার্যক্রম হচ্ছে প্রশিক্ষণ, পরামর্শ সেবা,রিপোর্ট প্রদান, যাতায়াত, আনুষঙ্গিক ব্যয় ইত্যাদি।

১০. **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

ক্রমিক নং	কর্মকর্তাদের নাম ও পদবী	মেয়াদকাল	
		শুরু	শেষ
১	২	৩	৪
১	জনাব সাইফুর রহমান নির্বাহী পরিচালক বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন	০১.০৫.২০১৪	৩০.০৬.২০১৫

১১. প্রকল্পের সংশোধিত এডিপি অনুযায়ী সংস্থান ও অগ্রগতি (পিসিআর-এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

আর্থিক বছর	সংশোধিত এডিপি সংস্থান ও লক্ষ্যমাত্রা			টাকা ছাড়	ব্যয়		
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ
২০১৪-১৫	৪৪০.০০	৪০.০০	৪০০.০০	--	৪০৮.২৪	২২.৩৮	৩৮৫.৮৬
মোট	৪৪০.০০	৪০.০০	৪০০.০০	--	৪০৮.২৪	২২.৩৮	৩৮৫.৮৬

১২. বিভিন্ন অঙ্গের বাস্তবায়ন অবস্থা (পিসিআর-এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে):

Items of work (as per PP)	unit	Target (as per PP)		Actual Progress		Reasons for Deviation
		Financial	Physical	Financial	Physical	
১.	২.	৩.	৪.	৫.	৬.	৭.
Project Allowances (Personal Allowances)	7 person	8.00	7 person	5.25	7 person	
Honorium	LS	3.00	--	1.21	--	
Office rent	1	--	1	--	1	--
Telephone/Internet	LS	0.50	--	--	--	
Fax	1	0.10	--	--	--	
International & local	LS	28.80	--	28.80	----	--

Items of work (as per PP)	unit	Target (as per PP)		Actual Progress		Reasons for Deviation
		Financial	Physical	Financial	Physical	
১.	২.	৩.	৪.	৫.	৬.	৭.
Travel						
Reports & Communication	LS	1.60	--	1.60		
Local Tarining & conference/seminar	3+3	24.00	--	24.00		
International consultant	3 (17 person month)	276.00	3 (15 person month)	276.00	3 (15 person month)	
Local Consultant	3 (12 person month)	25.60	3 (12 person month)	25.60	3 (8 person month)	
Transport Expenses	1	24.00	1	13.24		
stationary	LS	1.47	--	1.14		
Entertainment Expenses	LS	1.47	--	0.64		
Contingencies	LS	40.00	--	25.86		
Misc. Adm. & Support cost	LS	4.00	--	4.00		
Other expenses	LS	1.46	--	0.90		
Total	--	440.00	--	408.24		

* Honorium for three inter agency advisory group meeting.

১৩. কাজ অসমাপ্ত থাকলে উহার বিবরণঃ

পিসিআর ও পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রতীয়মান হয় যে প্রকল্পের আওতায় সমুদয় কাজ সমাপ্ত হয়েছে।

১৪. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের বিবরণঃ

১৪.১ International & local Travel: এ খাতে ২৮.৮০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৮.৮০ লক্ষ টাকা করা হয়েছে।

১৪.২ Local Tarining & conference/seminar: এ খাতে ২৪.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৪.০০ লক্ষ টাকা ব্যয়ে মোট ৬টি Local Training & conference/seminar -এর আয়োজন করা হয়েছে।

১৪.৩ International consultant: এ খাতে ২৭৬.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৭৬.০০ লক্ষ টাকা ব্যয়ে মোট ৬ জন International consultant-এর সেবা ১৫ মাস হিসেবে ক্রয় করা হয়েছে।

১৪.৪ Local Consultant: এ খাতে ২৫.৬০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৫.৬০ লক্ষ টাকা ব্যয়ে মোট ৬ জন Local consultant-এর সেবা ৮ মাস হিসেবে ক্রয় করা হয়েছে।

১৫. অডিট সংক্রান্ত তথ্যঃ

মন্ত্রণালয় হতে প্রাপ্ত পিসিআর ও পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জানা যায় যে অনুমোদিত টিপিপিতে External অডিট এর কোন তথ্য প্রদান করা হয়নি।

১৬. পরিদর্শন বর্ণনাঃ

১৬.১ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক বাস্তবায়িত "Capital Market Development Program-III (CMDP-III) " শীর্ষক প্রকল্পের কার্যক্রম সরেজমিনে গত

১৩.০৫.২০১৭ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ভবনে সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

১৬.২ পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য হতে জানা যায় এই প্রকল্পের আওতায় পুঁজিবাজারের নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ ও এ ক্সচেঞ্জ কমিশন -এর সংশ্লিষ্ট আইন ও নিয়ন্ত্রণ কাঠামো উন্নত করা , বন্ড মার্কেটের বিকাশ ওসিকিউরিটাইজেশন সুযোগ বৃদ্ধি করা, সফল আর্থিক উপকরণের করনীতি উন্নয়ন এবং বীমা খাতের উউনয়নের কার্যকর পদক্ষেপ নেয়া হয়েছে।

১৬.৩ পরামর্শক প্রতিষ্ঠান দি এরিস গ্রুপ সরাসরি এডিপি কর্তৃক নিয়োগপ্রাপ্ত হয়ে এই প্রকল্পে কাজ করেছেন বলে পরিদর্শনে কালে জানা যায়। তারা পুঁজিবাজার সংস্কার ও নিয়ন্ত্রণের জন্য চূড়ান্ত রিপোর্ট প্রদান করেছেন।।

১৭. **প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হয়ে থাকলেতার কারনঃ**

মন্ত্রণালয় হতে প্রেরিত পিসিআর ও পরিদর্শনে প্রাপ্ত তথ্য মতে প্রতীয়মান হয় যে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১৮ **মতামত/সুপারিশঃ**

পরিদর্শনে প্রাপ্ত পর্যবেক্ষণর আলোকে আইএমইডি'র মতামত নিম্নরুপঃ

১৮.১ প্রকল্পের অব্যয়িত অর্থ রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদানপূর্বক তার চালানকপির বিষয়ে পিসিআর -এ উল্লেখ থাকলেও সেটির ডকুমেন্ট সংযুক্ত করা হয়নি। তাই এর একটি কপি অতিসত্বর এ বিভাগে প্রেরন করতে হবে;

১৮.২ প্রকল্পের External Audit সম্পন্ন পূর্বক সেটির প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে;

১৮.৩ পরামর্শক প্রতিষ্ঠানের চূড়ান্ত রিপোর্ট-এর ১কপি এ বিভাগে প্রেরণ করতে হবে;

১৮.৪ অনুচ্ছেদ নং- ১৮.১ হতে ১৮.৩ এ উল্লিখিত মতামত/সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা ১ (এক) মাসের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে।